আজকের কাগজ

তারিখ 16 DEC 1993

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# আজ নয়া দিল্লীতে বিশ্বের প্রথম সবার জন্যে শিক্ষা শীর্ষ সম্মেলন শুরু হবে

কাগজ প্রতিবেদক : আজ নয়া দিল্লীতে বিশ্বের প্রথম শিক্ষা বিষয়ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিশর, ভারত, ইন্দোনেশিয়া, মেক্সিকো, নাইজেরিয়া, পাকিস্তান এতে অংশ গ্রহণ করবে। ইউনেস্কো, ইউনিসেফ ও জাতিসংঘের জনসংখ্যা তহবিল এই সম্মেলনের আয়োজন করেছে। বিশ্বের জনবহুল ৯টি দেশের প্রতিনিধিরা এই সম্মেলনে যোগ দিচ্ছে। বাংলাদেশের শিল্পমন্ত্রী এই সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন।